

আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজ, কোচবিহার

আবেদনপত্র ভর্তির নির্দেশাবলী

আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজে ভর্তির জন্য 05.06.2017 (00:00 hrs.) থেকে 13.06.17 (23:59:59 hrs.) অবধি abnscollege.org ওয়েবসাইটে online application registration-এ ক্লিক করলে আবেদনপত্র ভর্তি করা যাবে।

আবেদনপত্রে '*' চিহ্নিত অংশগুলি পূরণ করা আবশ্যিক।

একই আবেদনপত্রে তিনটি সাস্মানিক (Hons./Core Subject) এবং একটি সাধারণ স্নাতক কোর্সের (General Course) জন্য আবেদন করা যেতে পারে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী যে সকল ছাত্র/ছাত্রী উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় ২০১৭, ২০১৬ অথবা ২০১৫ সালে উত্তীর্ণ হয়েছে, তারাই কেবল ২০১৭-১৮ সালের স্নাতক স্তরে (সাস্মানিক/সাধারণ) আবেদন করার যোগ্য।

কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় বর্তমান শিক্ষাবর্ষ থেকেই সি. বি. সি. এস. পদ্ধতি চালু করায় আবেদনকারীর ভর্তির পূর্বে 'পাস সার্ভিস' নির্বাচন করার প্রয়োজনীয়তা নেই ; ভর্তির পরে সে এই সুযোগ পাবে। সাস্মানিক বিষয়টি এবং কোর্স (সাস্মানিক/সাধারণ) উল্লেখ করা প্রয়োজন।

একটি মোবাইল নম্বর পিছু একটিমাত্র আবেদনপত্রই গৃহীত হবে।

আবেদনপত্রে পদন্ত মোবাইল নম্বরেই আবেদনপত্রের রেজিস্ট্রেশন আই. ডি., পাসওয়ার্ড ও তৎপরবর্তী যাবতীয় তথ্য ও নির্দেশ মেসেজ করা হবে।

আবেদনপত্রে পরিবেশ বিদ্যা বাদ দিয়ে ১০+২ স্তরের পরীক্ষায় পঠিত সকল বিষয়ের মোট নম্বর ও প্রাপ্ত নম্বর উল্লেখ করতে হবে। বেস্ট 5 বা বেস্ট 4 উল্লেখ করার প্রয়োজন নেই।

যে সকল আবেদনকারী কলেজের আবাসিক (Hostel) ব্যবস্থার সুবিধা নিতে আগ্রহী, তাদের আবেদনপত্রের যথাস্থানে তা উল্লেখ করতে হবে এবং তৎসংক্রান্ত জিজ্ঞাস্য তথ্য সরবরাহ করতে হবে। ঐ সুবিধা গ্রহণের সময় আঞ্চলিক অধিকর্তার দ্বারা স্বাক্ষরিত তথ্যের প্রমাণপত্র আবশ্যিক।

যে সমস্ত নথি (Document) আপলোড করা আবশ্যিক সেগুলি হল :-

আবেদনকারীর স্ট্যাম্প বা পাসপোর্ট মাপের ছবি (সাদা-কালো/রঙীন), ১০+২ স্তরের পরীক্ষায় প্রাপ্ত মার্কশীট, রিজার্ভেশন সার্টিফিকেট (যেখানে প্রযোজ্য)।

প্রতি আবেদনের জন্য প্রদেয় অর্থ 300/- টাকা, যা অনলাইনে প্রদান করা যেতে পারে, বা নগদে অ্যাক্সিস ব্যাঙ্কের কোচবিহার সদর শাখায় জমা দেওয়া যেতে পারে। নগদে টাকা জমা দেবার ক্ষেত্রে ব্যাঙ্ক চালানের প্রিন্ট

আউট নেবার অন্ততঃ ২৪ ঘণ্টা পর টাকা জমা দিতে হবে। এক্ষেত্রে অনলাইন সুবিধা গ্রহণ করাই বাঞ্ছনীয়। টাকা জমা দেওয়ার শেষ তারিখ (অনলাইনে বা নগদে) 15.06.2017-তারিখের ব্যাঙ্কিং আওয়ার্স অবধি।

অন্তর্বর্তী মেধাতালিকা প্রকাশের তারিখ 17.06.17 (বিকেল)।

আবেদনপত্রে প্রদত্ত কোন তথ্য সংশোধনের অনুরোধ কলেজের অ্যাডমিশন সেলে 19.06.17-তারিখে সকাল ১১:০০টা - ৪:০০ টার মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হয়ে যাবার পর সংশোধন সংক্রান্ত কোন অনুরোধ গৃহীত হবে না। যাচাইয়ের সময় যদি প্রমাণপত্রের সঙ্গে প্রদত্ত তথ্যের কোন অসঙ্গতি পাওয়া যায়, তাহলে তৎক্ষণাৎ তার যাবতীয় ভর্তির আবেদন খারিজ হয়ে যাবে।

চূড়ান্ত মেধাতালিকা প্রকাশের তারিখ : 20.06.2017 (বিকেল)।

নির্দিষ্ট বিষয়ের আসনসংখ্যা অনুযায়ী মেধাতালিকার ক্রম অনুসারে কিছু আবেদনকারীকে তার প্রদত্ত মোবাইল নম্বরে SMS পাঠানো হবে। SMS-এ উল্লিখিত দিন ও সময়ে তাদের কলেজে উপস্থিত হয়ে প্রমাণপত্র দাখিল করতে হবে। মনে রাখা প্রয়োজন, প্রমাণপত্র যাচাইয়ের জন্য ডাক পাওয়ার অর্থ এই নয় যে ভর্তি সুনিশ্চিত।

প্রত্যেক আবেদনকারীকে ওয়েবসাইটে প্রদত্ত ভর্তির দিনপঞ্জি (Admission Schedule) অনুযায়ী SMS যাওয়ার দিনগুলিতে কলেজের ওয়েবসাইট ও তার নিজস্ব রেজিস্ট্রেশন প্রোফাইল দেখতে অনুরোধ করা হচ্ছে।

যারা ডাক পাবে তারা অথবা তাদের প্রতিনিধিদের নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নলিখিত মূল (original) প্রমাণপত্রসহ উপস্থিত থাকতে হবে (জেরক্স গ্রাহ্য হবে না):-

- ১) আবেদনপত্রের প্রিন্ট আউট।
- ২) বয়সের প্রমাণপত্র।
- ৩) উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশিট।
- ৪) সংরক্ষিত আসনের জন্য আবেদনকারীদের সংরক্ষণের উপযুক্ত প্রমাণপত্র।

প্রমাণপত্র যাচাইয়ের জন্য উপস্থিত প্রত্যেক আবেদনকারী অথবা তাদের প্রতিনিধিকে নির্দিষ্ট দিন নির্দিষ্ট সময়ের মধ্যে Admission Desk-এ এসে স্বাক্ষর করতে হবে। এই স্বাক্ষর ছাড়া উপস্থিতি গ্রাহ্য হবে না।

নির্দিষ্ট সময় অতিক্রান্ত হয়ে যাবার পর কাউকে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

যাচাইয়ের সময় ও তার পরে Admission Desk থেকে প্রদত্ত প্রতিটি নির্দেশ অবশ্য পালনীয়, নতুবা ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে না।